



আজকের জেএসসি জেডিসি পরীক্ষা স্থগিত

প্রকাশিত: ১২ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ ঘূর্ণিঝড়ের কারণে পরীক্ষা কেন্দ্রগুলো প্রস্তুত করতে না পারায় সারাদেশে আজকের পূর্ব নির্ধারিত জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা স্থগিত করা হয়েছে। আজ মঙ্গলবার জেএসসিতে গণিত ও জেডিসিতে বিজ্ঞান পরীক্ষা হওয়ার কথা ছিল। স্থগিত হওয়া জেএসসির গণিত পরীক্ষা হবে আগামী বৃহস্পতিবার সকাল দশটা এবং জেডিসির বিজ্ঞান পরীক্ষা অনুষ্ঠিত হবে শুক্রবার সকাল ৯টায়। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় সাবেকমিটি সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক কায়সার আহমেদ এ তথ্য নিশ্চিত করেছেন। অধ্যাপক মু. জিয়াউল হক জানান, জেএসসির গত ৯ নবেম্বরের গণিত পরীক্ষা পরিবর্তিত সূচী অনুযায়ী মঙ্গলবার (আজ) হওয়ার কথা ছিল। বুলবুলের কারণে তা পিছিয়ে নেয়া হয়েছিল। কিন্তু এবার পরীক্ষা কেন্দ্র প্রস্তুত না থাকায় আবার পিছিয়ে নেয়া হয়েছে ১৪ নবেম্বর।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক কায়সার আহমেদ বলেন, জেডিসির ৯ নবেম্বরের গণিত পরীক্ষার পরিবর্তিত সূচী নির্ধারণ করা হয়েছিল ১৪ নবেম্বর। ১১ নবেম্বরের ইংরেজী পরীক্ষা অনুষ্ঠিত হবে ১৬ নবেম্বর। আর ১২ নবেম্বরের বিজ্ঞান পরীক্ষাটি অনুষ্ঠিত হবে ১৫ নবেম্বর শুক্রবার। শুক্রবার হওয়ার কারণে সকাল ৯টা থেকে শুরু হবে পরীক্ষা।

এদিকে ঘূর্ণিঝড় বুলবুলের কারণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন সোমবারের সকল পরীক্ষাও স্থগিত করা হয়েছে। সোমবার অনার্স দ্বিতীয় বর্ষের ফাইনাল পরীক্ষা হওয়ার কথা ছিল। স্থগিত পরীক্ষাটি কবে আয়োজন হবে সে বিষয়ে এখনও কিছু জানানো হয়নি। এর আগে একই কারণে ৯ নবেম্বরের সকল পরীক্ষাও স্থগিত করেছিল জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

শনিবান অনার্স দ্বিতীয় বর্ষের পরীক্ষা, এলএলবি শেষ বর্ষের পরীক্ষাসহ বেশকিছু প্রফেশনাল কোর্সের পরীক্ষা হওয়ার কথা ছিল। স্থগিত হওয়া ওই পরীক্ষা কবে নেয়া হবে সে বিষয়ে পরে জানানো হবে বলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানিয়েছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাসেদ খান মেনন সড়ক, নিউ ইফাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com